# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

## 3rd Term Test – 2018

Sub: Bengali(Model Answer) Class: 9 F.M: 75

Duration: 2 hours 30 minutes Date: 2.11.2018

### ক - বিভাগ

১. সঠিক উত্তরটি বেছে নাওঃ ১×১৮=১৮

১.১ রাধারাণীর বয়স--

খ) এগারো

১.২ রাধারাণী রথের মেলায় বিক্রি করার জন্য যে ফুলের মালা গেঁথেছিল,তা হল--

ক) বনফুল

১.৩ রাধারাণীদের বাড়ি কোথায় ছিল?

গ) শ্রীরামপুর

১.৪ চন্দ্রনাথের দাদার নাম ছিল--

খ) নিশানাথবাবু

১.৫ হীরুর কাকা ছিলেন- -

ঘ) কোনোটিই নয়।

১.৬ 'এইটেই আমার কাছে তার স্মৃতিচিহ্ন"—কোন স্মৃতিচিহ্নের কথা বলা হয়েছে?

খ) চন্দ্রনাথের চিঠি

১.৭ ঝড়বৃষ্টির বিপদে কলিঙ্গবাসী কাকে স্মরণ করেছিল?

ক)জৈমিনি

১.৮ চণ্ডীর আদেশে কে মঠ অট্টালিকা ভেঙেছে?

খ) হনুমান

১.৯ নায়েব শোভন কে কোথায় বিশ্রাম নেবার কথা বলেছে?

গ) বারবাড়ি

১.১০ প্রফেসর শঙ্কু-র জন্মদিন হল--

খ) ১৬ জুন

১.১১ স্বর্ণপর্ণীর নাম শঙ্কু কোথায় পেয়েছিলেন??

ঘ) চরক সংহিতায়।

১.১২ বিলাতি> বিলিতি– এটি কিসের উদাহরণ ?

ক) স্বরভক্তি

১.১৩ বাদিয়া> বাইদ্যা– এটি কীসের উদাহরণ -

গ) অপিনিহিতি

১.১৪ টেবল>টেবিল – এটি কীসের উদাহরণ -

খ) স্বরসঙ্গতি

১.১৫ গ্রাম>গেরাম – এটি কীসের উদাহরণ -

ক) স্বরভক্তি

১.১৬ ইলম> এলেম– এটি কীসের উদাহরণ -

খ) স্বরসঙ্গতি

১.১৭ আজি > আইজ– এটি কীসের উদাহরণ -

গ) অপিনিহিতি

১.১৮ উধার>ধার – এটি কীসের উদাহরণ -

ঘ) স্বরলোপ।

২. **কমবেশি ১৫টি শব্দে উত্তর দাওঃ** ১ ×১৯=১৯

২.১. "দোঁহাপানে চেয়ে আছে"-কাদের চেয়ে থাকার কথা বলা হয়েছে?

---একটি নদীর পারের দুই সাধারণ গ্রামের চেয়ে থাকার কথা বলা হয়েছে।

২.২ রাধারাণী কোথায় রথ দেখতে গিয়েছিল?

--- রাধারাণী মাহেশের মেলায় রথ দেখতে গিয়েছিল।

২.৩ চন্দ্রনাথকে লেখক কোন নক্ষত্রের সঙ্গে তূলনা করেছিলেন?

--- চন্দ্রনাথকে লেখক কালপুরুষ নক্ষত্রের সঙ্গে তূলনা করেছিলেন

২.৪ 'ভাঙার গান'—কবিতায় কবি তরুনদের কীসের জন্য আহ্বান দিয়েছেন?

---বিষাণ বা শিঙা বাজিয়ে সংগ্রাম করে স্বাধীনতা আনতে।

২.৫ চন্দ্রনাথ পুরস্কার প্রত্যাখ্যান করেছিলেন কেন?

--- চন্দ্রনাথ দ্বিতীয় পুরষ্কার গ্রহণ করতে রাজী হয়নি।

২.৬ "তাহারা দরিদ্র কিন্তু লোভী নয়"-কোন প্রসঙ্গে এই মন্তব্য করা হয়েছে?

--- রাধারাণীদের বাড়িতে রুক্মিণীকুমার রায় একটি টাকার নোট ফেলে যান।তাতে নিজের ও রাধারাণীর নাম লেখা ছিল। এটি গ্রহণ করার বিষয়ে রাধারাণীর মা এই কথাটি বলেছিলেন।

২.৭ কলিঙ্গদেশে প্রজাদের বিপাকের কারণ কী ছিল?

--- দেবী চণ্ডীর আদেশে যাতে প্রচণ্ড ঝড়বৃষ্টির কারণে কলিঙ্গবাসী গুজরাট নগরে কালকেতুর রাজত্বে যেতে বাধ্য হয়,সেইজন্য ঝড়বৃষ্টি আরম্ভ হয়।

২.৮ কোন সংস্কৃত নাটক জার্মান ভাষায় অনূদিত হয়েছিল উনবিংশ শতকের গোড়ায় ?

----কালিদাস রচিত শকুন্তলা নাটক।

২.৯ "আর বাবা হলেন সত্যিকারের ভারতপ্রেমিক"—কার সম্পর্ক,কার এইরূপ উক্তি?

----নরবার্ট স্টাইনারের উক্তি,তার বাবা হাইরিখ স্টাইনার সম্পর্কে।

২.১০ সংজ্ঞাবাচক বিশেষ্য পদ কাকে বলে ?

---- যে বিশেষ্য পদ দ্বারা ব্যক্তি,বস্তু,স্থান ইত্যাদির নাম বোঝানো হয়,তাকে বলে সংজ্ঞাবাচক বিশেষ্য পদ।যেমন- <u>হিমালয়</u> ভারতের উত্তরে অবস্থিত।

২.১১ ভাববাচক বিশেষ্য পদ কাকে বলে ?

----যে বিশেষ্য পদ দ্বারা কোন দোষ,গুণ,অবস্থা,ভাবের নাম বোঝানো হয়,তাকে বলে সংজ্ঞাবাচক বিশেষ্য পদ। যেমন- <u>দারিদ্র্য,নিষ্ঠুরতা ইত্যাদি</u>।

২.১২ সাপেক্ষ সর্বনাম কাকে বলে ?

--- যে সর্বনাম পদ দুটি নিত্যসম্বন্ধী সর্বনাম পদের সমন্বয়ে গঠিত হয়,তাকে বলে সাপেক্ষ সর্বনাম।যেমন- যেমন কর্ম তেমন ফল।

২.১৩ আত্মবাচক সর্বনাম কাকে বলে?

---যে সর্বনাম পদ নিজেকে বোঝানোর জন্য ব্যবহৃত হয়,তাকে বলে আত্মবাচক সর্বনাম।যেমন-নিজ কাজে মন দাও।

২.১৪ একটি বাক্যে সর্বনাম পদকে ক্রিয়াবিশেষণ রূপে প্রয়োগ করে দেখাও I

---- কোথায় যাচ্ছ?(সর্বনাম পদ ক্রিয়ার স্থান,কাল প্রকার ও পরিমাণ বোঝায়)

২.১৫ আলাদা আলাদা বাক্যে প্রয়োগ করে দেখাওঃ সংখ্যা বিশেষণ, বিশেষণের বিশেষণ।

সংখ্যা বিশেষণঃ দু-কিলো মাছ।

বিশেষণের বিশেষণঃ খুব শীতল জল

২.১৬ অনুকারসূচক অব্যয় পদ কাকে বলা হয়?

--- প্রকৃতির আওয়াজ কে অনুকরণ করে যে অব্যয় পদ তৈরি হয়,তাকে বলে অনুকারসূচক অব্যয় পদ।যেমন-বনবন,শনশন ইত্যাদি।

২.১৭ সংযোযক অব্যয়পদ কে বাক্যে প্রয়োগ করে দেখাও।

--- যে অব্যয় পদ বিভিন্ন পদ,বাক্য বা বাক্যাংশ কে সংযুক্ত করে,তাকে বলে সংযোযক অব্যয়পদ I যেমন-রবীন্দ্রনাথ বাংলা তথা ভারতের গৌরব।

২.১৮ মৌলিক ধাতু কাকে বলে?

--- যে সমস্ত ধাতু কে বিশ্লেষণ করা যায় না,তাকে বলে মৌলিক ধাতু।যেমন-কর

২.১৯ সাধিত ধাতু কাকে বলে?

--- যে ধাতু কে বিশ্লেষণ করে তার মূলে অন্য একটি ধাতু পাওয়া যায়,তাকে বলে সাধিত ধাতু।যেমন-দেখানো-দেখ+আনো।

**৩. প্রসঙ্গ নির্দেশ সহ কমবেশি ৬০ শব্দে যে কোনো ১ টি প্রশ্নের উত্তর দাও: ৩×১=৩**

৩.১. 'অগত্যা রাধারাণী কাঁদিতে কাঁদিতে ফিরিল'-রাধারাণীর কান্নার কারণ কী ছিল?

--- রাধারাণী তার মায়ের পথ্যের জন্য বনফুলের মালা সংগ্রহ করে,মালা গেঁথে রথের মেলায় বিক্রি করতে গিয়েছিল,কিন্তু বৃষ্টির জন্য রথের মেলা ভেঙে যায়।তাই নিরুপায় হয়ে রাধারাণী কাঁদতে কাঁদতে ফিরে আসে।

৩.২ 'প্রসন্নমনে দোকানে ফিরিয়া গেল'—কার কথা বলা হয়েছে?তার প্রসন্নতার কারণ কী ? ১+২

---- পদ্মলোচন সাহার কথা বলা হয়েছে।

রুক্মিনীকুমার রায়ের কাছ থেকে সে কাপড়ের অধিক মূল্য পাওয়ায় প্রসন্নমনে বাড়ি ফিরে আসে।

**খ – বিভাগ**

(উত্তর হবে চলিত ভাষায়।বানান ভুল,অপরিষ্কার,অপরিচ্ছন্ন লেখার জন্য নম্বর কাটা যেতে পারে।উত্তর হবে যুক্তিপূর্ণ,বিশ্লেষণধর্মী ও ধারাবাহিক।প্রয়োজনে প্রসঙ্গ উল্লেখ করতে হবে।)

**৪. কমবেশি ১৫০ শব্দে যে কোনো ১ টি প্রশ্নের উত্তর দাও: ৫**

৪.১ 'রাধারাণী'-গল্প অনুসরণে রাধারাণীর চরিত্রটি বিশ্লেষণ করো নিজের ভাষায়।

---- রাধারাণী দরিদ্র হলেও ছিল সৎ।তার আত্মসম্মান,মায়ের প্রতি শ্রদ্ধাও ভালোবাসা,বিচক্ষণতা,উপস্থিত বুদ্ধি ইত্যাদি প্রসঙ্গ গল্প অনুসরণে ব্যাখ্যা করতে হবে।

৪.২ 'চন্দ্রনাথ' গল্পে চন্দ্রনাথের আচরণ কতটা গ্রহণযোগ্য তা নিজের ভাষায় লেখো।

--- চন্দ্রনাথ গল্পে লেখক নিজেই কোথাও এই কথার মীমাংসা করে যা্ন নি বরং এক রহস্যময় বাতাবরণ তৈরি করে এই দায়িত্ব দিয়েছেন পাঠক/পাঠিকার উপরে।ফলে যথাযথ যুক্তি দিয়ে মতের পক্ষে বা বিপক্ষে মন্তব্য করতে হবে পাঠ্য গল্প অনুসরণে।

**৫. কমবেশি ১৫০ শব্দে যে কোনো ১ টি প্রশ্নের উত্তর দাও: ৫**

৫.১ 'ভাঙার গান' কবিতার সারমর্ম নিজের ভাষায় লেখো ।

--- ভাঙার গান কবিতায় কবি দেশবাসীকে আহ্বান জানিয়েছেন বিদেশী শক্তির পরাধীণতার শৃঙ্খল ছাড়িয়ে নিজেদের মুক্ত করার জন্য—এই ভাব কবিতা অবলম্বনে ব্যাখ্যা করতে হবে।

৫.২ 'খেয়া'-কবিতায় খেয়া নৌকাটি কীসের প্রতীক হিসাবে ব্যবহৃত হয়েছে,তা কবিতা অবলম্বনে বিশ্লেষণ করো।

----- খেয়া নৌকাটি আসলে জীবন ও মৃত্যুর প্রতীক।

খেয়া নৌকার পারাপারের মতন জীবন ও মৃত্যু ও আমাদের জীবনে বহমান।জীবনের গতিস্রোত-কে তুলনা করা হয়েছে নদীর গতির সঙ্গে।নদীর পারের ঘটনাবহুল জীবনের মতো জীবন ও ঘটনাবহুল।

**৬. কমবেশি ১৫০ শব্দে যে কোনো ১ টিপ্রশ্নের উত্তরদাও: ৫**

৬.১ নিরুদ্দেশ গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।

--- নিরুদ্দেশ গল্পটি আবর্তিত হয়েছে নিরুদ্দেশ ঘটনাকে কেন্দ্র করে।কীভাবে একটি নিরুদ্দেশ এর ট্র্যাজিক পরিণতি পায়,তা নিরুদ্দেশ গল্পটি অবলম্বনে লিখতে হবে।

৬.২' শকুন্তলা অপমানিতা হলেন রাজসভায়' --শকুন্তলা কেন অপমানিতা হয়েছিলেন?

---- রাজা দুষ্মন্তের দেওয়া স্মারক আংটিটি শচীতীর্থে অঞ্জলি দেওয়ার সময় হারিয়ে ফেলে শকুন্তলা।রাজা দুষ্মন্তও দুর্বাসার শাপে ভুলে গিয়েছিল শকুন্তলাকে—এই বিষয়টিকে বিস্তৃতভাবে লিখতে হবে।

**৭. কমবেশি ১৫০ শব্দে যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাও: ৫**

৭.১ "আমার মন থেকে সব অন্ধকার দূর হয়ে গেলো"—কার মনের কথা বলা হয়েছে?তার মনের অন্ধকার কীভাবে দূরীভূত হয়ে গিয়েছিল? ১+৪

--- প্রফেসর শঙ্কুর মনের অন্ধকারের প্রসঙ্গে বলা হয়েছে।

প্রফেসর শঙ্কুর বার্লিন যাওয়ার আগে,সন্ডার্স মিরাকিউলারের বড়ি বার করে তার যায়গায় অবর্থ ঘুমের ওষুধ রেখে দিয়েছিল,যা পরবর্তী কালে হিটলারের অনুচর গোয়রিং এর হাতে পড়ে।তাই এই মন্তব্য। (দ্রষ্টব্যঃপ্রফেসর শঙ্কুর ডায়েরি,পৃষ্ঠা-১১০-১১১)

৭.২ "ভারতবর্ষে বসে শুধু খবরের কাগজ পড়ে ইউরোপে কী ঘটছে না ঘটছে সে সম্বন্ধে স্পষ্ট ধারণা করা যায় না"—ইউরোপের কোন ঘটনার কথা বলা হয়েছে?

--- ডরথির সঙ্গে কথাপ্রসঙ্গে এই উক্তি।হিটলার-এর অত্যাচার এর কথা বলা হয়েছে।পাঠ্য অবলম্বনে এই ঘটনার বিবরণ দিতে হবে। (দ্রষ্টব্যঃপ্রফেসর শঙ্কুর ডায়েরি,পৃষ্ঠা-৮৮-৮৯)

**৮. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ৫×১=৫**

৮.১ ভাব সম্প্রসারণ কর : ( কমবেশি ১৫০ শব্দে )

সবার উপরে মানুষ সত্য,তাহার উপরে নাই।

---- প্রদত্ত বিষয়টির মূল ভাব সম্প্রসারিত করে লিখতে হবে চলিত ভাষায়।

(দ্রষ্টব্যঃবাংলা ব্যাকরণ ও নির্মিতি-ডঃ নির্মল কুমার দাশ,পৃষ্ঠা-১০৪-১০৫)

৮.২ ভাবার্থ লেখো :

আসক্তির মতো নিষ্ঠর শক্ত কিছুই নেই;সে নিজেকেই জানে।সে কাউকে দয়া করে না,সে কারও জন্য কিছুমাত্র পথ ছাড়তে চায় না।এই আসক্তিই হচ্ছে জীবনের ধর্ম;সমস্তকেই সে নেবে বলে সকলের সঙ্গেই সে কেবল লড়াই করছে।

ত্যাগ বড়ো সুন্দর।বড়ো কোমল।সঞ্চয়কে সে কেবল এক জায়গায় স্তূপাকাররূপে উদ্ধত হয়ে উঠতে দেয় না।সে ছড়িয়ে,বিলিয়ে দেয়।

---- প্রদত্ত বিষয়টির মূল ভাব খুব সংক্ষেপে মোট চার- পাঁচটি বাক্যের মধ্যে লিখতে হবে।

(দ্রষ্টব্যঃবাংলা ব্যাকরণ ও নির্মিতি-ডঃ নির্মল কুমার দাশ,পৃষ্ঠা-১১৪)

**৯. কমবেশি ৪০০ শব্দে যে কোনো ১টি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর: ১০**

৯.১ আধুনিক জীবনে বিজ্ঞান।

৯.২ আমার বিদ্যালয়।

----প্রবন্ধের সূত্র অবলম্বন করে বিস্তারিত ভাবে চলিত ভাষায় লিখতে হবে।প্রবন্ধটি হবে যুক্তিপূর্ণ,বিশ্লেষণধর্মী ও ধারাবাহিক।(দ্রষ্টব্যঃবাংলা ব্যাকরণ ও নির্মিতি-ডঃ নির্মল কুমার দাশ,পৃষ্ঠা-87-88)